

RentSafeTO:

এপার্টমেন্ট বিল্ডিং স্ট্যান্ডার্ডস
প্রোগ্রাম (এপার্টমেন্ট ভবনের
মানসমূহ সংক্রান্ত কর্মসচি)


টরন্টোর ভাড়াটিয়ারা নিরাপদে
সু-রক্ষণাবেক্ষিত ভবনে বাস
করে তা নিশ্চিত করা

ভবন মালিক/পরিচালকের প্রয়োজনীয়তা

RentSafeTO-এর অধীনে, ভবন মালিক/পরিচালকদের অবশ্যই:

- তাদের ভবনগুলো সিটি কর্তৃপক্ষের কাছে নিবন্ধন করতে হবে, তারপর প্রতি বছর নবায়ন করতে হবে।
- ভাড়াটিয়াদের পরিষেবা অনুরোধগুলি অনুধাবন করতে হবে এবং সেগুলির উত্তর দিতে হবে
- পরিচ্ছন্নতা এবং পোকামাকড়ের জন্য নিয়মিত সাধারণ এলাকাগুলো পরিদর্শন করতে হবে
- রক্ষণাবেক্ষণ, বর্জ্য, পরিষ্কার-পরিচ্ছন্নতা এবং অত্যাবশ্যকীয় পরিষেবাসমূহ যেমন জল, তাপ ও বিদ্যুতের জন্য পরিকল্পনা থাকতে হবে
- পরিষেবা বিঘ্নিত হওয়ার বিষয়ে ভাড়াটীদের অবহিত করতে হবে
- নিয়মিত ভবন মূল্যায়ন করতে হবে
- শহরের সকল প্রযোজ্য উপবিধি মেনে চলতে হবে

প্রয়োগকরণ ব্যবস্থা গ্রহণ করা হতে পারে যদি মালিকগণ এবং পরিচালনাকারীগণ সিটি-র উপবিধিসমূহ মেনে না চলেন।



আপনার ইউনিটের যদি কোন সমস্যা হয় তাহলে কী করবেন

আপনার ইউনিটে বা বিল্ডিং-এর কোনো সাধারণ জায়গায় যদি কোনো সমস্যা হয় প্রথমে আপনার বিল্ডিং-এর মালিক/পরিচালকের সাথে যোগাযোগ করুন এবং একটি পরিষেবা অনরোধ জমা দিন। আপনার নথিভক্তির জন্য পরিষেবা সংক্রান্ত অনরোধের একটি কপি (অনুলিপি) রাখুন।

যদি যুক্তিসঙ্গত সময়ের মধ্যে আপনার ভবন মালিক/পরিচালকের পক্ষ থেকে কোনো পদক্ষেপ না নেওয়া হয় অথবা সমস্যা অব্যাহত থাকে, **পরিষেবার অনরোধ জানাতে 311** নম্বরে যোগাযোগ করুন।।

আপনার রেফারেন্স নম্বরটি অবশ্যই রাখবেন। স্বাস্থ্য ও নিরাপত্তা সংক্রান্ত উদ্বেগের উপর ভিত্তি করে 311 জরুরি পরিষেবার অনরোধগুলো অগ্রাধিকার দেবে এবং একজন উপবিধি প্রয়োগকারী কর্মকতা তদন্ত করবেন।

Toronto.ca/311-এ 311 দ্বারা
আপনাকে প্রদত্ত রেফারেন্স (তথ্যসূত্র)
নম্বরটি ব্যবহার করে আপনার অনুরোধের
অবস্থানটি দেখতে পারেন।

ভবন মালিক/পরিচালকের প্রয়োজনীয় প্রতিক্রিয়ার সময়সীমা

ভবন মালিক/পরিচালকদের অবশ্যই জরুরি অনুরোধের ২৪ ঘন্টার মধ্যে এবং অন্য সকল অনুরোধের সাত দিনের মধ্যে সাড়া দিতে হবে। অনুরোধসমূহ জরুরি হবে যদি এগুলো গুরুত্বপূর্ণ পরিষেবাসমূহের বিঘ্নতার সাথে সম্পর্কিত হয়।

জরুরি অনুরোধসমূহ

প্রতিক্রিয়ার সময়: ২৪ ঘন্টার মধ্যে



কোন পান নেই



কোন পানি নেই



কোন বিদ্যুৎ নেই



গ্যাস নেই



ভবন নিরাপত্তার লঙ্ঘন



তুষার এবং বরফ
পরিষ্কার করা

অন্যান্য অনুরোধ

প্রতিক্রিয়ার সময়: সাত দিনের মধ্যে



কীটপতঙ্গ (তেলাপোকা, ইঁদুর জাতীয় প্রাণী)



কম তাপ



লিক (পানির পাইপ-এ ক্ষয় বা
আঘাতজনিত ছিদ্র)



সম্পত্তির ক্ষতি, যেমন ভাঙা বা ফাটা জানালা,
ক্ষতিগ্রস্ত ক্যাবিনেট বা উঠে যাওয়া রঙ



সাধারণ এলাকার পরিচ্ছন্নতা, যেমন
নোংরা বা দাগযুক্ত পৃষ্ঠতল, গ্রাফিতি



সম্পত্তি রক্ষণাবেক্ষণ, যেমন
আবজনা বা ঘাস কাটা



বর্জ্য ব্যবস্থাপনা

অতিরিক্ত সহায়তাসমূহ ভাড়াটিয়াদের জন্য

যে বিষয়গুলো **RentSafeTO** রকতপক্ষের আওতার বাইরে পড়ে তার জন্য নিম্নে প্রদত্ত উপযুক্ত সহায়তার সাথে যোগাযোগ করুন।

ছত্রাক এবং ছারপোকা

টরন্টো জনস্বাস্থ্য (পাবলিক হেলথ)
311

অগ্নি কোড

টরন্টো ফায়ার সার্ভিসেস
জরুরী প্রয়োজনে 911 নম্বরে ফোন করুন।
জরুরি নয় এমন প্রয়োজনে 311 নম্বরে যোগাযোগ করুন।

নির্মাণ বিধি ও অনুমতিপত্র

টরন্টো ভবন (বিল্ডিংস)
311

ফৌজদারি বিষয়সমূহ

টরন্টো পুলিশ সার্ভিস
জরুরী প্রয়োজনে 911 নম্বরে যোগাযোগ করুন।
অ-জরুরি প্রয়োজনে যোগাযোগ করুন
416-808-2222

লিফট পরিচালনা এবং সার্টিফিকেশন

প্রযুক্তিগত মান ও নিরাপত্তা কতপক্ষ
1-877-682-8772
tssa.org

বৈদ্যতিক সমস্যা

বৈদ্যতিক নিরাপত্তা কতপক্ষ
1-877 372-7233
esasafe.com

ইজারা সংক্রান্ত সমস্যা অথবা উপরের

নির্দেশিকার অতিরিক্ত ভাড়া বন্ধি

বাড়িওয়ালা এবং ভাড়াটিয়া বোর্ড
416-645-8080
tribunalsontario.ca/tb

ভাড়াটিয়া অধিকার এবং আবাসিক

ভাড়া আইন সংক্রান্ত প্রশ্নাবলী

ভাড়াটেনদের জন্য গ্র্যাডভোকেসি সেন্টার
অন্টারিও (ACTO)
acto.ca/contact

বা

লিগ্যাল এইড অন্টারিও

1-800-668-8258
legalaid.on.ca

বিল্ডিং স্কোর

সিটি **RentSafeTO** (রেন্টসেইফটিও)-
এর সাথে নিবন্ধিত সকল এপার্টমেন্ট
ভবনসমূহ মূল্যায়ন করে। এই প্রক্রিয়ার সময়,
কর্মীরা সাধারণ এলাকা, যান্ত্রিক ও নিরাপত্তা
ব্যবস্থা, পার্কিং এবং বাইরের চত্বরের অবস্থা
পরিদর্শন ও মূল্যায়ন করেন। মূল্যায়নগুলোর
মধ্যবর্তী সময়ে, -311এর মাধ্যমে প্রাপ্ত
পরিষেবা অনুরোধের ভিত্তিতে নিশ্চিত হওয়া
লঙ্ঘনগুলো, নিয়ম প্রতিপালন না হওয়া পর্যন্ত
এই স্কোর কমাতে থাকে।



বিল্ডিং স্কোর খুঁজে পেতে এবং
লঙ্ঘনসমূহ সম্পর্কে তথ্যের জন্য
কিউআর কোডটি স্ক্যান করুন

